[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নিশান সাবের।
সাংস্কৃতিক বৃক্তিত্ব নিশান সাবের বলেন, নিজের নিরাপত্তা নিশ্চিতকরণ ও মারাত্নক ক্ষতিগ্রস্তের হাত থেকে রক্ষা পেতেই তার এই সাধারণ ডায়েরী ।

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির দায়িত্বভার গ্রহণের দ্বিতীয় বর্ষ পূর্তি পালন

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সদস্যদের দায়িত্বভার গ্রহনের দুই বছর পূর্তি পালন করা হয়েছে।

গতকাল সোমবার রাত ১০টার দিকে শহরের শিল্পকলা মোড় এলাকায় হোটেল বাজার সমিতির কার্যালয়ে কেক কেটে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আবদুল হান্নান, সহ-সভাপতি শেখ মমিনুল ইসলাম মমিন, আলী আকবর, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, যুগ্ম সাধারণ সম্পাদক হাসানুল হক সবুজ, দপ্তর সম্পাদক আবু হোসেন কাঁকন, কোষাধক্ষ্য সাজ্জাদুর রহমান মিলন, ক্রীড়া সম্পাদক মহব্বত আলী, নির্বাহী সদস্য রাশেদ খান, ইয়ারুল ইসলাম, খোরশেদ আলম লাভলু, কামরুজ্জামান পলাশ, বিল্লাল হোসেন মিঠু প্রমুখ উপস্থিত ছিলেন।

[redacted] [redacted]'[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

“গর্জে ওঠো মেহেরপুর” নামের সংগঠনের আত্মপ্রকাশ

মেহেরপুরে “গর্জে ওঠো মেহেরপুর” নামের আরো একটি স্বেচছাসেবী সমাজ কল্যাণ মূলক সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে শুক্রবার বিকালে এই সংগঠনের আত্মপ্রকাশ ঘটে।

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক শেখ ফরিদ আহমেদ এবং মনারুল ইসলাম উপস্থিত থেকে সংগঠনের সুচনা করেন।

সংগঠনের সভাপতি হিসাবে মো: বিপ্লব রেজা, সাধারণ সম্পাদক হিসেবে মো: রলিপ হাসান, সহ-সাধারণ সম্পাদক নিলুফার ইচ্ছমিন নাইস, সাংগঠনিক সম্পাদক আফিপ, নারী বিষয়ক সম্পাদক হিসেবে রিফা খাতুনের নাম ঘোষণা করা হয়।

এ ছাড়াও সংগঠনের সদস্যবৃন্দ দের মধ্যে রয়েছেন আজিজুল হাকিম, মো: মাফুজ, লামিয়া ইসলাম যূথী, মিলি খাতুন, মীর লাবণী, জান্নাত আক্তার ডানা, মো: মিদুল হাসান, প্রজ্জল, মো: আল হেলাল অন্তর, জুবায়ের আল নোমান, মো: হাসানুজ্জামান বিজয়, আপন, মো: হাসান, সম্পা, মো: অনিক চৌধুরি, মো: নাফিজ ইকবাল, তালহা, রাজু, তামিম, মান্না, সাজিদ, আবিদ, জিহাদ, সাব্বির, রাফি, বিতণ, মো: মাসুম বিল্লাহ, মাইমুনা রহমান মুনা, মোছা: আন্নি, মোছা: শাহিন আফরোজ, ফারিহা ইয়াসমিন তিথি, মোছা: সুমাইয়া আক্তার, মোছা: বন্যা পারভীন, মহাসারা মুস্তারি মুনমুন, মোছা: ফাতেমা আক্তার, মাটিনা মন্ডল, ফারিয়া আফরিন,আকসা পারভীন, মো: রাহাত হাসান, মো: নাঈম ইসলাম সিয়াম, সাঈদ।

সংগঠনের নব গঠিত কমিটির সভাপতি জানান, সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো- দরিদ্র শিশুদের বই-খাতা আর্থিক সহযোগিতা, নারী ও শিশুর অধিকার রক্ষা করা, প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, মাদকমুক্ত সমাজ প্রতিষ্ঠা, বাল্যবিবাহ প্রতিরোধ, ব্লাড ডোনেট, বৃক্ষরোপণ, বস্ত্র বিতরণ ইত্যাদি।

মেপ্র/ইএম

আমঝুপি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: এর বার্ষিক সাধারণ সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে আমঝুপি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

শুক্রবার সকালে আমঝুপি আইডিয়াল স্কুলে এ সভা অনুষ্ঠিত হয়। ফারুক হোসেনের সভাপতিত্বে বক্তব্য দেন আমঝুপি আইডিয়াল স্কুল এর প্রধান শিক্ষক মারুফ আহমেদ, মেহেরপুর মহিলা কলেজের প্রফেসর মোঃ আতিয়ার রহমান, সহকারি প্রধান শিক্ষক আবুল কালাম, আলমগীর হোসেন, সানা উল্লাহ বাবু, আব্দুল মজিদ, আতিক ইকবাল কিরন, মাহফুজুর রহমান, মুনিয়া চৌধুরি, সারমিন আক্তার, সালেহা বেগম,সাংবাদিক শহিদুল ইসলাম।

সভাপতি বক্তব্যতে সকল সদস্যকে উদ্দেশ্য করে বলেন, আমরা সামাজিক কর্মকান্ডে সব সময় নিয়োজিত থাকিবো। শীতকালীন বস্ত্র বিতরণ, গরিব দুখি ছাত্রছাত্রীদের বৃত্তিপ্রদান ও গরীবদের সহযোগীতা করাই হচ্চে আমাদের সংগঠনের মুল লক্ষ্য।

মেপ্র/ইএম

মেহেরপুরের খোকসা ফ্রেন্ডস ক্লাব এন্ড লাইব্রেরীর

উদ্যোগে কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ডাঃ মহিউদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে কুইজ প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে খোকসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব হল রুমে কুইজ ও ব্যাগ বিতরণ অনুষ্ঠিত হয়।

কুইজ প্রতিযোগীতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-খোকসা ফ্রেন্ডস ক্লাব এন্ড লাইব্রেরী উপদেষ্টা লুৎফর রহমান, খোকসা গ্রামের ইউপি সদস্য আমিল উদ্দীন, উপদেষ্টা সামসুজ্জোহা (সামিদুল), স্কুল পরিচালনা কমিটি (এসএসসি)’র সভাপতি কদর আলী, বায়তুন নূর জামে মসজিদের সভাপতি মুতালেব শেখ, সহকারী শিক্ষক মোস্তাফিজুর রহমান, সহকারী শিক্ষক শিরিনা খাতুন, খোকসা ফ্রেন্ডস ক্লাব এন্ড লাইব্রেরি সভাপতি হাচানুল হক হিরোক, সহ-সভাপতি আলমগীর, সাধারন সম্পাদক মোঃ সেলিম রেজা, সহ-সাধারন সম্পাদক শাহারিয়া পারভেজ রকি, অর্থ সম্পাদক মেহেদী হাসান লাজুক, ভারপ্রাপ্ত অর্থ সম্পাদক মনিরুজ্জামান মিন্টু, প্রশিক্ষণ সম্পাদক মামুনুর রশিদ, সাংগঠনিক সম্পাদক মাজহারুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রনি, সমাজ কল্যান সম্পাদক মিথুন, সহ-সমাজ কল্যান সম্পাদক আবু তালেব, মিডিয়া সম্পাদক তোফাজ্জেল হোসেন, নাজমুল, আরিফ, শিমুল, রানা, আশিক, রাজন, রাশিক প্রমুখ।

মুজিবনগরে অসহায় মা ছেলের পাশে কালের কন্ঠ-শুভ সংঘ

মেহেরপুর প্রতিদিন’র সংবাদ দেখে মুজিবনগরে সেই অসহায় মা ও ছেলে কে কম্বল ও খাদ্য সামগ্রী দিয়ে সহয়তা করেছে কালের কন্ঠ-শুভ সংঘ

নামের একটি সংগঠন।

গতকাল বৃহস্পতিবার সন্ধায় সংগঠনটির জেলা শাখার সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ এর নেত্রীত্বে একটি দল অসহায় মা ও ছেলের হাতে এ সকল সামগ্রী তুলে দেন।

এ সময় জেলা শাখার সাংগঠনিক সম্পাদক নাসিমুল জুনায়েদ, কোষাক্ষ্য আফসানা বিশ্বাস তিথি, মুজিবনগর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক হাসানুজ্জামান লাল্টু, ক্রীড়া সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক শাকিল রেজা প্রমুখ উপস্থিত ছিলেন। শুভ সংঘের মেহেরপুর জেলা কমিটি ও মুজিবনগর উপজেলা কমিটি যৌথভাবে এ উদ্যেগ গ্রহন করেন।

জেলা সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ জানান, গতকাল প্রকাশিত সংবাদের মাধ্যমে জানতে পারলাম যে মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামে অসহায় মা তার প্রতিবন্ধী ছেলেকে নিয়ে ডোবার পাশে বসবাস করছেন। এবং খুব কষ্টে মানবেতর জীবনযাপন করছেন। এই সংবাদের ভিত্তিতে আমরা শুভ সংঘের পক্ষ থেকে সামান্য কিছু সহায়তা করতে পেরে খুব ভাল লাগছে। তবে বিত্তবানদের প্রতি আহ্বান জানাচ্ছি এদের জন্য সহায়তার হাত বাড়ানোর।

মেপ্র/এমইএম

চুয়াডাঙ্গায় ছয়দিনব্যাপি অরিন্দম সাংস্কৃতিক উৎসব শুরু

‘বাঙালি সংস্কৃতির শুদ্ধ বারতা, বুদ্ধির মুক্তি ও চিন্তার স্বাধীনতা’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় ছয়দিনব্যাপি অরিন্দম সাংস্কৃতিক উৎসব শুরু হয়েছে।

মঙ্গলবার বিকালে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে উৎসবের উদ্বোধন করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে. এম. খালিদ এমপি। এ উপলক্ষে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উৎসবের আলোচনা পর্বে সভাপতিত্ব করেন অরিন্দম সাংস্কৃতিক সংগঠনের সভাপতি বজলুর রহমান জোয়ার্দ্দার। বিশেষ অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের এপিএ পুল সদস্য কৃষিবিদ হামিদুর রহমান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউশনের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. সোহেলা আক্তার ও জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

আয়োজকরা জানান, ছয়দিনব্যাপি উৎসবে নাটক, সাংস্কৃতিক অনুষ্ঠান ও গুণীজন সম্মাননা অনুষ্ঠিত হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি